

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা জজ-এর কার্যালয়, কুড়িগ্রাম  
নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী

স্মারক নং: অতিঃজেঃজঃ ১১৭/২০২৩

তারিখ: ০২/১০/২০২৩ খ্রি.

কুড়িগ্রাম জেলা জজ আদালতের নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত গত ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের দৈনিক সমকাল ও কালের কণ্ঠ পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন ও অধিকতর স্পষ্টীকরণ:-

১। ক্রমিক নং ০১ এর পদের নাম ও পদের সংখ্যা নিম্নোক্ত আকারে স্থলাভিষিক্ত হবে।

| ক্রমিক নং | পদের নাম                          | পদের সংখ্যা  |
|-----------|-----------------------------------|--------------|
| ১.        | বেঞ্চ সহকারী                      | ০১ (এক)টি    |
|           | হিসাব সহকারী                      | ০১ (এক)টি    |
|           | টাইপিষ্ট/কপিষ্ট                   | ০১ (এক)টি    |
|           | হিসাব রক্ষক                       | ০৪ (চার)টি   |
|           | নাজির                             | ০৫ (পাঁচ)টি  |
|           | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৩ (তিন)টি   |
|           | মোট                               | ১৫ (পনেরো)টি |

২। গত ২৩/০৯/২০২৩ খ্রি. তারিখের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ০১ নং ক্রমিকে উল্লেখিত পদে যারা ইতোমধ্যে আবেদনপত্র প্রেরণ করেছেন তাদের আবেদন অত্র সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির ১ নং ক্রমিকে উল্লেখিত শুধুমাত্র অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদের আবেদন হিসেবে গণ্য হবে। অর্থাৎ অত্র সংশোধিত বিজ্ঞপ্তির ১ নং ক্রমিকে বর্ণিত অন্যান্য পদে প্রার্থীগণ নতুন করে আবেদন করতে পারবে।

৩। গত ২৩/০৯/২০২৩ খ্রি. তারিখের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ৩ নং ক্রমিকের অফিস সহায়ক পদের শিক্ষাগত যোগ্যতা “ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ” কথাটি “ন্যূনতম ৮ম শ্রেণী উত্তীর্ণ” কথা দ্বারা স্থলাভিষিক্ত হবে।

৪। গত ২৩/০৯/২০২৩ খ্রি. তারিখের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি এবং অদ্য তারিখের সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে আগামী ২৩/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে।

৫। অত্র সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির “স্মারক নং: অতিঃজেঃজঃ ১১৭/২০২৩” গত ২৩/০৯/২০২৩ ইং তারিখের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির “স্মারক নং” হিসেবে গণ্য। ইতোমধ্যে যারা স্মারক নং বাতীত আবেদনপত্র প্রেরণ করেছেন তাদের আবেদনপত্র শুধুমাত্র স্মারক নং না থাকার কারণে বাতিল হবে না।

৬। গত ২৩/০৯/২০২৩ খ্রি. তারিখের প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী বহাল থাকবে।

(স্বাক্ষর- অস্পষ্ট)

অতিরিক্ত জেলা জজ

এবং

চেয়ারম্যান

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

জেলা জজ আদালত, কুড়িগ্রাম।

পিএফ-৫২০-১০৯১/২৩ (৫"×৩)